| উন্নয়নের অক্সিজেন রাজস্ব |
|---|

| জনকল্যাণে রাজস্ব |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
**www.nbr.gov.bd**

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা ১ ডিসেম্বর ২০১৬

## ২০১৬-১৭ করবর্ষে রিটার্ন জমা পড়েছে ১১ লাখ ৪৪ হাজার ৪৯৭টি ও সংগৃহিত আয়কর ৩ হাজার ৩৩৫ কোটি ২১ লক্ষ টাকাঃ সম্মানিত করদাতা-অংশীজনদেরকে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর শুভেচ্ছা ও কৃতজ্ঞতা প্রকাশ।

আয়কর মেলা, আয়কর সপ্তাহ এবং আয়কর দিবস ২০১৬ সফলভাবে সম্পন্ন হওয়ার পাশাপাশি আয়কর প্রদান ও সেবাগ্রহণ করায় সম্মানিত সম্মানিত করদাতা-অংশীজনদেরকে আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানিয়েছেন সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো. নজিবুর রহমান। তিনি বলেন, রাজস্ব উন্নয়নের অক্সিজেন। সরকারের 'রূপকল্প-২০২১' ও 'রূপকল্প-২০৪১' বাস্তবায়নে প্রয়োজন প্রচুর অভ্যন্তরীণ সম্পদ তথা রাজস্ব। দেশের সম্মানিত নাগরিকরা সরকারের রুপকল্প বাস্তবায়নে অংশগ্রহণ করতে চায়। আয়কর মেলা, আয়কর সপ্তাহ ও আয়কর দিবসে সম্মানিত করদাতাগণ ও সেবাগ্রহীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ তা প্রমাণ করে। মেলার মতো কর অঞ্চলে সারাবছর উৎসব মুখর পরিবেশে জাতীয় রাজস্ব বোর্ড সম্মানিত করদাতাদের সেবা দিতে অঙ্গীকারাবদ্ধ। তিনি আরো বলেন, গত তিন বছরের মধ্যে আয়কর মেলা, আয়কর সপ্তাহ ও আয়কর দিবসে ই-টিআইএন গ্রহণ, রিটার্ন দাখিল ও আয়কর সংগ্রহ সবচেয়ে বেশি হয়েছে। যা প্রমাণ করে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে সম্মানিত করদাতা ও অংশীজনদের সম্পর্ক আগের তুলনায় অনেক বেশি নিবিড় ও সুদৃঢ়।

### গত তিন বছরের আয়কর রিটার্ন দাখিল ও সংগ্রহ সংক্রান্ত পরিসংখ্যান

চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে সারাদেশে আয়কর রিটার্ন দাখিলের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ৩০ নভেম্বর ২০১৬ ছিল ব্যক্তি শ্রেণীর করদাতাদের আয়কর রিটার্ন দাখিলের শেষ দিন। উক্ত দিন পর্যন্ত দাখিলকৃত আয়কর রিটার্নের সংখ্যা ১১,৪৪,৪৯৭ যা বিগত বর্ষের একই সময়ের তুলনায় ৪০% শতাংশ বেশী। ২০১৪ হতে ২০১৬ পর্যন্ত আয়কর রিটার্ন দাখিল ও রিটার্নের ভিত্তিতে আদায় সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

| | রিটার্নের সংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | প্রবৃদ্ধি |
| আয়কর মেলা | ১,৪৯,৩০৪ | ১,৬১,০৬০ | ১,৯৪,৫৯৮ | |
| আয়কর সপ্তাহ | - | - | ৩,১১,৯৯৭ | |
| সার্কেলে দাখিলকৃত | ৬,৮৪,৫৯৮ | ৬,৫৪,৪২৩ | ৬,৩৭,৯০২ | |
| ৩০ নভেম্বর পর্যন্ত | ৮,৩৩,৯০২ | ৮,১৫,৪৮৩ | ১১,৪৪,৪৯৭ | ৪০.৩৪% |

| | আহরণ (কোটি টাকায়) | | | |
|---|---|---|---|---|
| | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | প্রবৃদ্ধি |
| আয়কর মেলা | ১,৬৭৫.০০ | ২,০৩৫.৩২ | ২,১৯২.৬৭ | |
| আয়কর সপ্তাহ | | | ৬১৪.১৮ | |
| সার্কেলে দাখিলকৃত | | | ৫২৮.৩৬ | |
| ৩০ নভেম্বর পর্যন্ত | ১,৩৯০.৩৫ | ১,০৮৩.৬০ | ৩৩৩৫.২১ | ২০৭% |

| | সময় বৃদ্ধির আবেদনের সংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | প্রবৃদ্ধি |
| আয়কর সপ্তাহ | - | - | ১২৩,৬১৬ | |
| সার্কেলে দাখিলকৃত | ৩৬৯৯২ | ২৭৬,১৩৮ | ২৮,২৭৩ | |
| ৩০ নভেম্বর পর্যন্ত | ৩৬৯৯২ | ২৭৬,১৩৮ | ১৫১৮৮৯ | |

### বিগত তিন বছরে e-TINএর সংখ্যা নিম্নরূপঃ

| | মোট সংখ্যা | বৃদ্ধির পরিমান |
|---|---|---|
| ৩০ জুন, ২০১৪ তারিখে e-TIN এর সংখ্যা | ১২৫০২৬৮ | - |
| ৩০ জুন, ২০১৫ তারিখে e-TIN এর সংখ্যা | ১৬৫৫৮০৮ | ৪০৫৫৪০ |
| ৩০ জুন, ২০১৬ তারিখে e-TIN এর সংখ্যা | ১৯৭৯১৮৯ | ৩২৩৩৭৯ |
| ৩০ নভেম্বর, ২০১৬ তারিখে e-TIN এর সংখ্যা | ২৪৪১৬৫৩ | ৪৬২৪৬৬ |

উল্লেখ্য; বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আয়কর মেলা ২০১৬ (নভেম্বর ১-৭) এর সফল সমাপ্তির পর মেলার পরিবেশে সম্মানিত করদাতাদের কাঙ্খিত মানের সেবা প্রদানের জন্য প্রথমবারের মতো আয়কর সপ্তাহ (২৪-৩০ নভেম্বর) আয়োজন করা হয়েছে। করদাতা-বান্ধব পরিবেশ সৃষ্টির প্রয়াসে অন্যান্য বছরের চেয়ে আরো আড়ম্বরপূর্ণ পরিবেশে এবং জনগনের স্বতঃস্ফূর্ত অংশগ্রহনের মাধ্যমে গত ২৪ নভেম্বর আনুষ্ঠানিকভাবে বিভিন্ন শ্রেণীর পেশাজীবীদের মধ্যে এবং জাতীয় পর্যায়ে পূর্বের মাত্র ২০ জনের পরিবর্তে এ বছরে ১৪১ জনকে ট্যাক্সকার্ড এবং সেরা করদাতাদের সম্মাননা ও পুরস্কার প্রদান করা হয়েছে।

এছাড়া ৩০ নভেম্বর আয়কর দিবস ২০১৬ উপলক্ষে একটি বর্ণাঢ্য র‌্যালী ও শোভাযাত্রা জাতীয় রাজস্ব বোর্ডের সামনে পায়রা ও বেলুন উড়িয়ে উদ্বোধন করেন চেয়ারম্যান। র‌্যালীতে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য, ব্যবসায়ী, সুশীল সমাজ প্রতিনিধি, খেলোয়াড়, নাট্য ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সাহিত্যিক, শিক্ষার্থী সেলিব্রেটিসহ সব শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। র‌্যালীটি জাতীয় রাজস্ব বোর্ড'র সামনে থেকে মৎস্য ভবন, সুপ্রিম কোর্ট, জাতীয় প্রেসক্লাব হয়ে আবার জাতীয় রাজস্ব বোর্ডেও সামনে এসে শেষ হয়। র‌্যালীতে আয়কর দিবসের স্লোগান সম্বলিত ব্যানার, পেস্টুন, প্লে-কার্ড, পোস্টার নিয়ে বোর্ড ও বিভিন্ন কর অঞ্চলের কর্মকর্তা-কর্মচারিসহ সর্বস্তরের মানুষ অংশগ্রহণ করেন। ঢাকাসহ সকল বিভাগীয় শহরেও জাতীয় আয়কর দিবসের বর্ণাঢ্য র‌্যালী অনুষ্ঠিত হয়েছে।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

১/১২/২০১৬

(সৈয়দ এ, মু'মেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

**প্রাপকঃ**
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।